



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১২ সেপ্টেম্বর ২০২১

প্রেস বিজ্ঞপ্তি

বাঘাইছড়িতে 'সেনাবাহিনীর সাথে ইউপিডিএফের গোলাগুলি'র ঘটনা মিথ্যা ও বানোয়াট

রাঙামাটির বাঘাইছড়ি উপজেলার বঙ্গলতলী ইউনিয়নের পশ্চিম জারুলছড়িতে 'সেনাবাহিনীর সাথে ইউপিডিএফের' গোলাগুলি হয়েছে বলে বিভিন্ন মিডিয়ায় যে সংবাদ প্রকাশিত হয়েছে তা সর্বের মিথ্যা ও বানোয়াট এবং এটা ইউপিডিএফের বিরুদ্ধে একটি গভীর ষড়যন্ত্র বলে দাবি করেছেন ইউপিডিএফের রাঙামাটি জেলা ইউনিটের প্রধান সংগঠক শান্তিদেব চাকমা।

আজ রবিবার (১২ সেপ্টেম্বর ২০২১) সংবাদ মাধ্যমে প্রদত্ত এক বিবৃতিতে শান্তিদেব চাকমা বলেন, গতকাল শনিবার রাতে বাঘাইছড়া জোনের একদল সেনা সদস্য জারুলছড়ি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে গিয়ে অবস্থান নেয়। এরপর তারা আজ রবিবার ভোররাত ৪টার সময় অতর্কিতে কয়েক রাউন্ড ব্রাশফায়ার করলে ঘুমন্ত এলাকাবাসীর মধ্যে আতঙ্ক দেখা দেয়। পরে সকালে সেখান থেকে সেনা সদস্যরা ক্যাম্পে ফিরে যায়।

এরপর বিভিন্ন মিডিয়ায় 'বাঘাইছড়িতে সেনাবাহিনীর সাথে ইউপিডিএফের গোলাগুলি ও অস্ত্র উদ্ধার'র খবর প্রকাশিত হয়।

ইউপিডিএফ নেতা গোলাগুলি ও অস্ত্র উদ্ধারের ঘটনা সম্পূর্ণ মিথ্যা ও বানোয়াট উল্লেখ করে বলেন, বঙ্গলতলির জারুলছড়িতে সেনাবাহিনীর সাথে ইউপিডিএফ কিংবা অন্য কারোর কোন গোলাগুলির ঘটনা ঘটেনি। মূলত প্রমোশন লাভের উদ্দেশ্যে সেনাবাহিনী গোলাগুলির মিথ্যা নাটক সাজিয়েছে।

ইউপিডিএফের বিরুদ্ধে গভীর ষড়যন্ত্র চলছে উল্লেখ করে শান্তিদেব চাকমা আরো বলেন, ইউপিডিএফ একটি গণতান্ত্রিক রাজনৈতিক দল। গণতান্ত্রিকভাবেই ইউপিডিএফ তার সকল কার্যক্রম চালিয়ে যাচ্ছে। কিন্তু শাসকগোষ্ঠী ইউপিডিএফের ন্যায়সঙ্গত আন্দোলনকে নস্যাত করতে নানা ষড়যন্ত্র চালাচ্ছে। আর তারই অংশ হিসেবে খুন, গ্রেফতার, মিথ্যা মামলায় ফাঁসানো ও গোলাগুলির নাটক সাজানো হচ্ছে।

ইউপিডিএফ নেতা সেনাবাহিনীর হাতে অবৈধ অস্ত্রের মজুদ নিয়ে উদ্বেগ প্রকাশ করে বলেন, পার্বত্য চট্টগ্রামে কথিত 'অস্ত্র উদ্ধার' নাটক জনগণের উপর দমন-পীড়নের অন্যতম হাতিয়ার হয়ে উঠেছে। সেনাবাহিনী নিজেদের হাতে মজুদ রাখা এসব অবৈধ অস্ত্র গুঁজে দিয়ে যে কাউকে গ্রেফতার করে মিথ্যা মামলায় ফাঁসিয়ে ও বিচার বহির্ভূত হত্যাসহ নানা জুলুম চালাচ্ছে। তিনি সেনাবাহিনীর হাতে থাকা অবৈধ অস্ত্রের অনুসন্ধান করার জন্য সরকারের প্রতি আহ্বান জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)